আমাদের সময়

তারিখ 26 JAN 2016
পৃষ্ঠা 6 কলাম 2

# প্রবাসীকর্মীর সন্তানদের জন্য ভর্তি কোটা হচ্ছে

মো. মাহফুজুর রহমান ●

প্রবাসীকর্মীর সন্তানদের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির কোটা সংরক্ষণ করবে সরকার। শিগগির শিক্ষা ও প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের যৌথ উদ্যোগে এ সংক্রান্ত একটি নীতিমালা প্রণয়ন করা হবে। দুই মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানান, জাতীয় অর্থনীতিতে অভিবাসীকর্মীদের অবদানের বিষয়টি বিবেচনায় এনেই তাদের মেধাবী সন্তানদের জন্য দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে কোটা সংরক্ষণের উদ্যোগ নেওয়া হচ্ছে। প্রবাসীকল্যাণ মন্ত্রণালয়ের প্রশাসন ও উন্নয়ন শাখার এক কর্মকর্তা গতকাল জানান, ২০১২ সাল থেকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের পক্ষ থেকে প্রবাসীকর্মীর সন্তানদের নিয়মিত শিক্ষাবৃত্তি দেওয়া হচ্ছে। বর্তমানে পিএসসি, জেএসসি, এসএসসি ও এইচএসসি– এই চার ক্যাটাগরিতে শিক্ষাবৃত্তি দেওয়া হচ্ছে। বিশ্বের ১৬২টি দেশে প্রায় ১ কোটি বাংলাদেশি কর্মরত, যাদের অধিকাংশের পরিবার অসচ্ছল। সুন্দর ভবিষ্যৎ গড়তে এরা পরিবার-পরিজন ছেড়ে বিদেশে পাড়ি জমিয়েছেন। সামাজিক এরপর পৃষ্ঠা ২ কলাম ৪

## প্রবাসীকর্মীর সন্তানদের জন্য ভর্তি কোটা

(৩ এর পৃষ্ঠার পর) দায়বদ্ধতার অংশ হিসেবে সরকারও তাদের মেধাবী সন্তানদের জন্য দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি কোটা সংরক্ষণের উদ্যোগ নিয়েছে।

জানা গেছে, ২০১৩-১৪ শিক্ষাবর্ষ থেকে পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৭টি অনুষদের স্নাতক কোর্সে প্রবাসীদের সন্তানদের ভর্তির ক্ষেত্রে ৪ শতাংশ কোটা সংরক্ষণ করা হচ্ছে। বর্তমানে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তান, পোষ্য, উপজাতি, প্রতিবন্ধী ও খেলোয়াড়দের জন্য কোটা ব্যবস্থা বিদ্যমান আছে। শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির এক সদস্য গতকাল আমাদের সময়কে জানান, ২০১৪ সাল থেকে কয়েক দফায় প্রবাসীকল্যাণ মন্ত্রণালয়ের পক্ষ থেকে প্রবাসীকর্মীর মেধাবী সন্তানদের জন্য শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তির কোটা সংরক্ষণের জন্য অনুরোধ জানানো হয়েছে।